দৈনিক বাংলা

তারিখ ... 14/8/74 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 1 ...

# কুড়িগ্রামে ৩৬৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়ন কাজ চলছে

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কুড়িগ্রাম, ১২ই আগস্ট।—প্রায় এক কোটি ৭৫ হাজার টাকা খরচে মহকুমার ৩৬৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে উন্নয়ন ও সংস্কারের কাজ চলছে।

জানা গেছে,- সরকারের শিক্ষা মন্ত্রণালয় কুড়িগ্রাম মহকুমার ৩৪৪টি প্রাইমারী স্কুল উন্নয়ন ও সংস্কারের জন্য ৫৯ লাখ ৪১ হাজার ৪শ টাকা থানা সদরের ১২টি হাই-স্কুল পাইলট স্কীমের জন্য ৩৬ লাখ টাকা, ৪টি সিনিয়র মাদ্রাসার জন্য ২ লাখ ৫৮ হাজার টাকা এবং ৩টি কলেজের জন্য ১২ লাখ ৭৫ হাজার টাকা বরাদ্দ করেন।

ইতিমধ্যে ৪৮টি প্রাইমারী স্কুল ভবন তৈরীর কাজ শেষ হয়েছে। ১০২টি প্রাইমারী স্কুলে মেরামতের শতকরা প্রায় ৫০ ভাগ কাজ হয়েছে সমাপ্ত। কিন্তু তৃতীয় কিস্তির টাকা না পাওয়ায় মেরামত কাজ ব্যাহত হয়ে আছে। উলিপুর ও কুড়িগ্রামের বাকী ১৪টি প্রাইমারী স্কুলে সংস্কারের কাজ এখনো আরম্ভ হয়নি। গত জুন মাসেই প্রাইমারী স্কুল উন্নয়ন ও মেরামতের কাজ শেষ হয়ে যাবার নির্দেশ থাকলেও টাকার অভাবে তা হতে পারেনি। প্রাইমারী স্কুল উন্নয়ন ও সংস্কার নিয়ে দুর্নীতির নানান অভিযোগ উঠেছে। সুষ্ঠুভাবে কাজের তদারক হচ্ছে না বলে জানা গেছে।

মহকুমার থানা সদরের ১২টি হাইস্কুল পাইলট স্কীমে নেয়া হয়েছে। এরমধ্যে ৯টি স্কুল প্রতিটি ৯ লাখ করে টাকা পেয়েছে বটে কিন্তু উন্নয়ন কাজের গতি ত্বরান্বিত হয়নি। উলিপুর মহারানী স্বর্ণময়ী হাইস্কুল, লালমনিরহাট মডেল হাইস্কুল এবং থানাহাট বালিকা বিদ্যালয় পাইলট স্কীমভুক্ত হয়েও এখনো কোন টাকা পায়নি। পাইলট স্কীমের কাজ সুষ্ঠুভাবে পরিচালনায় ব্যবস্থা নেয়ার একান্ত প্রয়োজন পড়েছে।

শিক্ষামন্ত্রণালয় এ মহকুমার ৩টি ডিগ্রী কলেজ উন্নয়নের আওতায় নিয়েছেন। ৪ লাখ ৭৫ হাজার টাকায় কুড়িগ্রাম কলেজ এবং ৪ লাখ টাকায় লালমনিরহাট কলেজের উন্নয়ন কাজ শুরু হয়ে গেছে। উলিপুর কলেজ ৪ লাখ টাকা পেয়েও এখনো কাজ আরম্ভ করতে পারেনি।

ইতিমধ্যে সাতদরগা সিনিয়র মাদ্রাসা, গোলেরহাট সিনিয়র মাদ্রাসা ও কুড়িগ্রাম সিনিয়র মাদ্রাসা প্রত্যেকটি ৭৮ হাজার করে টাকা দিয়ে উন্নয়ন কাজ শেষ করেছে। ২৪ হাজার টাকা দিয়ে সংস্কার কাজ সম্পন্ন করেছে তিস্তা মাদ্রাসা। সিনিয়র মাদ্রাসার উন্নয়নের জন্য আরো টাকার প্রয়োজন বলে জানা গেছে।